ভোরের কাগজ

তারিখ ... 07 JUL 1998 ...
পৃষ্ঠা ৮২ কলাম ৭

74

# ছাত্র ঐক্য ২৩ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট ডেকেছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : গণতান্ত্রিক ছাত্র ঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্ধিত ভর্তি ফি প্রত্যাহার, এবং বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের পদত্যাগের দাবিতে আগামী ২৩ জুলাই সর্বাত্মক ছাত্র ধর্মঘটসহ পক্ষকালব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে। গতকাল সোমবার অপরাজেয় বাংলায় অনুষ্ঠিত এক সমাবেশ থেকে এ ঘোষণা দেওয়া হয়।

মহসীন সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন মঞ্জুর-এ-খোদা টরিক, দিপংকর সাহা দিপু, ইমাম গাজ্জালি, সাইফুর রহমান তপন। বক্তারা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়কে বাণিজ্যিক প্রতিষ্ঠানে রূপান্তরিত করার চক্রান্ত বুকের রক্ত দিয়ে হলেও প্রতিহত করা হবে।

সমাবেশ থেকে ঘোষিত কর্মসূচির মধ্যে আজ থেকে ১৮ জুলাই পর্যন্ত বর্ধিত ভর্তি ফি প্রত্যাহারের জন্য গণস্বাক্ষর সংগ্রহ। আজ মহসীন হল থেকে ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ এ স্বাক্ষর সংগ্রহ শুরু করবেন। ১৯ জুলাই উপাচার্যের দফতরে অবস্থান ধর্মঘট এবং ২৩ তারিখ সর্বাত্মক ছাত্র ধর্মঘট। বিশ্ববিদ্যালয়ের ক্লাস, সকল পরীক্ষা এ ধর্মঘটের আওতায় পড়বে বলে ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ জানিয়েছেন।